বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

নং-৮২.০০.০০০০.০৪৭.৩৪.০০১.২১-৬৮৯

তারিখ : ২১/০৩/১৪৩০ ব.।
০৫/০৭/২০২৩ খ্রি.।

# বিজ্ঞপ্তি

**বিষয় : বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ গ্রহণ প্রসঙ্গে।**

০১॥ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের অধীনে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা' ২০২৩, এমএসও-২০০৭ (জুন'২০০৭) এর অনুচ্ছেদ-৯০ এবং সিএজি কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার এবং অফিস আদেশ মোতাবেক আগামী সেপ্টেম্বর'২০২৩ খ্রি. মাসে (সম্ভাব্য) বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ গ্রহণ করা হবে। এমতাবস্থায়, সরকারি নির্দেশনা পরিপালন ও পরীক্ষার কেন্দ্র প্রাপ্তি সাপেক্ষে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণপূর্বক আবেদনপত্র প্রেরণের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০২॥ অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণের আবেদনপত্র নির্ধারিত ফরমে (নমুনা সংযুক্ত) সঠিকভাবে পূরণসহ আবেদন ফরম ও প্রবেশ পত্রের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি **(ছবির উপরে অফিস প্রধান/মনোনীত কর্মকর্তা কর্তৃক সত্যায়নসহ)** আঠা দিয়ে সংযুক্ত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (কোন পরীক্ষার্থী না থাকলে শূন্য প্রতিবেদন) আগামী **৩১/০৭/২০২৩** খ্রি. তারিখের মধ্যে **কম্পিউটারে কম্পোজকৃত প্রিন্টেড কপি আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষার্থীগণের পৃথক পৃথক তালিকাসহ)।**

উল্লেখ্য যে, ৩১/০৭/২০২৩ খ্রি. তারিখের পর কোন তালিকা/সম্পূরক তালিকা গ্রহণযোগ্য নয়। সুতরাং এ সংক্রান্ত পৃথক কোন আবেদনপত্র সুপারিশ সহকারে এ কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

০৩॥ অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণের ০১ টি তালিকা (সফট্ কপি) Nikosh Font এ টাইপ করে ই-মেইল এ্যাড্রেস **(acagexam123@gmail.com)** এ/**Pen drive** এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৪॥ পরীক্ষার্থীগণের তালিকা প্রণয়নকালে সংযুক্ত "ছক-ক" এর ০৭ নং কলামে **অব্যাহতি প্রাপ্ত বিষয়ের নাম (প্রতি বিষয়ের জন্য পৃথক পৃথক ক্রমিক নম্বর প্রদানসহ), রোল নম্বর ও পরীক্ষার সন নির্ভুলভাবে Nikosh Font এ টাইপ করে ০১ টি সফট্ কপি ক্রমিক-০৩ এ বর্ণিত ই-মেইল এ্যাড্রেস এ প্রেরণ করতে হবে।**

০৫॥ প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা **১১০০১০১১০১৯৮৪-১৪২২৩২৬ (নতুন কোড অনুযায়ী), ১/১০০১/০০০১/২০৩১ (পুরাতন কোড অনুযায়ী)** পরীক্ষা ফি খাতে সরকারি কোষাগারে জমা দিয়ে ট্রেজারি চালানের মূলকপি **(Automated Chalan Verification** এর কপিসহ) আবেদনপত্রের সাথে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৬॥ বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই শুধুমাত্র বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন।

০৭॥ এতদ্‌সহ প্রেরিত প্রবেশপত্রের নমুনা ফরমে বর্ণিত সকল বিষয়বস্তু ও নির্দেশনাবলীর সাথে হুবহু মিল রেখে প্রবেশপত্রের ফরমেট তৈরী করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য স্ব স্ব অফিস কর্তৃক ০১ টি করে আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা ফরমে পরীক্ষার্থীর নাম ও অফিসের নাম যথাস্থানে পূরণ করতঃ নমুনা স্বাক্ষরের স্থানে ০৩ টি নমুনা স্বাক্ষর গ্রহণপূর্বক অফিস প্রধান/মনোনীত কর্মকর্তা কর্তৃক সত্যায়নসহ পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৮॥ সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-সিএজি/পরীক্ষা/৬০/৯৫৫ তারিখ-২৫/০২/২০০৯ খ্রি. মোতাবেক অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণকে আবেদনপত্রে উল্লিখিত সকল বিষয়ের পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীগণকে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণকসহ) পরীক্ষা সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানের মন্তব্যসহ তাঁদের আবেদনপত্র/আবেদনপত্রসমূহ সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে। সিএজি কার্যালয় কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত অনুপস্থিতির কারণ গ্রহণযোগ্য বিবেচিত না হলে অনুপস্থিত পরীক্ষার্থীগণকে **পরবর্তী ০২ টি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ হতে বিরত রাখা হবে।**

০৯॥ কোন আবেদনকারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কেইস চলমান থাকলে তিনি **সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-সিএজি/পরীক্ষা/৬০/৯৫৫ তারিখ-২৫/০২/২০০৯ খ্রি.** অনুযায়ী বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণের জন্য যোগ্য নয় মর্মে বিবেচিত হবেন [এ বিষয়টি সংশ্লিষ্ট অফিস প্রধান/মনোনীত কর্মকর্তাকে নিশ্চিত করতে হবে]।

১০॥ বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এর সময়সূচী ও কেন্দ্রের নাম পরবর্তীতে জানানো হবে।

১১॥ **এ কার্যালয় হতে কোন রেজিস্ট্রেশন নম্বর/কার্ড ইস্যু করা হবে না।** পরীক্ষার্থীদের আবেদন ফরম ও প্রবেশপত্রের কপি সংশ্লিষ্ট অফিসসমূহে অফিস কপি হিসেবে সংরক্ষণপূর্বক পরীক্ষার্থীগণের নামের তালিকাসহ মূলকপিসমূহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১২॥ সিএজি কার্যালয়ের অফিস আদেশ নম্বর-৮২.০০.০০০০.০৪৭.৩৪.০০১.২১-৪৬৪ তারিখ-১৫/১২/২০২২ খ্রি. মোতাবেক যারা ন্যূনতম একবার বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এবং এক/একাধিক বিষয়ে উত্তীর্ণ হয়েছেন সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীগণ পুরাতন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ অবশিষ্ট বিষয়ে সর্বোচ্চ ০২ (দুই) বার পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন (অর্থাৎ ইতোঃপূর্বে যারা বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এবং কোন বিষয়ে উত্তীর্ণ হননি সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীগণ আবশ্যিকভাবে নতুন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন)। সিএজি মহোদয়ের অনুমোদনক্রমে ইতোমধ্যে বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-১ম ও ২য় পর্ব পরীক্ষার সিলেবাস (নতুন) জারি করা হয়েছে।

১৩॥ যে সকল প্রার্থী নতুনভাবে (প্রথমবার) বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করবেন সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীগণ নতুন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১৪॥ **আবেদনপত্র সঠিকভাবে পূরণ করা না হলে অথবা কোন প্রকার ভুল তথ্য প্রেরণ করা হলে আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।**

চলমান পাতা-০২

১৫॥ বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণেচ্ছুক প্রার্থীগণের অবগতির জন্য এ বিজ্ঞপ্তিটি প্রচার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ-সিএজি কার্যালয়ের ওয়েবসাইট **[www.cag.org.bd→EMPLOYEE CORNER→Examination→Divisional Accountant (Part-2)]** হতে আবেদন ফরম ও প্রবেশপত্র (০২ সেট) **download** করা যাবে।

সংযুক্তি : ১। আবেদন ফরম-০২ (দুই) পাতা [নতুন ও পুরাতন]।
২। প্রবেশপত্রের নমুনা ফরম-০২ (দুই) পাতা [নতুন ও পুরাতন]।
৩। সংযুক্ত "ছক-ক"-০১ (এক) পাতা।

স্বাক্ষরিত
(কামরুজ্জামান)
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
পরীক্ষা ও পরিদর্শন
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

নং-৮২.০০.০০০০.০৪৭.৩৪.০০১.২১-৬৮৯

তারিখ : ২১/০৩/১৪৩০ ব.।
০৫/০৭/২০২৩ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০২। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
০৩। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর-১৪, ঢাকা।
০৫। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ১৬/আব্দুল গণি রোড, ঢাকা।
০৬। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৭। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর), সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
০৮। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর/পরিবহণ অডিট অধিদপ্তর/প্রতিরক্ষা অডিট অধিদপ্তর/স্বাস্থ্য অডিট অধিদপ্তর/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর/স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর/পূর্ত অডিট অধিদপ্তর/রাজস্ব অডিট অধিদপ্তর/শিক্ষা অডিট অধিদপ্তর/কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর/বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর/মিশন অডিট অধিদপ্তর/ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর/সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর/সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর/সিভিল অডিট অধিদপ্তর/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, ঢাকা।
০৯। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (প্রসিডিউর), সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (এফএএন্ডসিএও)-পূর্ব (চট্টগ্রাম)/পশ্চিম (রাজশাহী)/প্রকল্প (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে।
১৪। এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (একিউএসি/প্রশাসন/পার্সোনেল/পার্লামেন্ট/পদ্ধতি/হিসাব/পরীক্ষা ও পরিদর্শন) সিএজি কার্যালয়, ঢাকা।
১৫। পরিচালক, এমআইএস উইং **(সিএজি কার্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)**/গবেষণা ও উন্নয়ন, সিএজি কার্যালয়, ঢাকা।
১৬। এসিস্ট্যান্ট কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (রি-অর্গান/একাউন্টস্/আরআরইউ/পার্লামেন্ট/রিপোর্ট-১/রিপোর্ট-২/হিসাব/পদ্ধতি)/উপ পরিচালক (গবেষণা ও উন্নয়ন/এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা।
১৭। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
১৮। অফিস কপি/গার্ড ফাইল।

-০৫/০৭/২০২৩

(কামরুজ্জামান)
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
পরীক্ষা ও পরিদর্শন
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করে সত্যায়ন করুন

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

# আবেদন ফরম

## (নতুন সিলেবাসভুক্ত পরীক্ষার্থীর ক্ষেত্রে)

## বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩

| রোল নম্বর | : | | | - | | | | | - | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার্থীর নাম | : |
| ০২ | পদবী | : |
| ০৩ | পিতার নাম | : |
| ০৪ | মাতার নাম | : |
| ০৫ | জন্ম তারিখ | : |
| ০৬ | অফিসের নাম | : |
| ০৭ | সরকারি চাকুরীতে প্রথম যোগদানকৃত অফিসের নাম, পদবী ও তারিখ | : |
| ০৮ | বর্তমানে কর্মরত অফিসের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর | : |
| ০৯ | সংশ্লিষ্ট পদে মোট চাকুরিকাল | : |
| ১০ | শিক্ষাগত যোগ্যতা | : |
| ১১ | জাতীয় পরিচয়পত্র নম্বর | : |
| ১২ | বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সন ও রোল নম্বর (প্রমাণকসহ) : | |

| ১৩ | আবেদনকৃত পরীক্ষার বিষয়সমূহ : (√) চিহ্ন দিন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | পূর্ত হিসাব-বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | পূর্ত হিসাব-বিধি ও পদ্ধতি (ব্যবহারিক) | ☐ ২০৩ | চাকরি বিধিমালা ও আর্থিক বিধিমালা | ☐ ২০৪ | সরকারি হিসাবায়ন এবং নিরীক্ষা |

| | | |
|---|---|---|
| ১৫ | (ক) পরীক্ষার ফি জমাকরণের ট্রেজারী চালান নম্বর ও তারিখ | : |
| | (খ) ব্যাংক ও শাখার নাম | : |
| ১৬ | সর্বশেষ ডিএ-২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণকারী/আবেদনকারীর অফিসের নাম ও পদবী | : |

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নিয়োগবিধি'২০২৩, এমএসও-২০০৭ (জুন'২০০৭) এর অনুচ্ছেদ-৯০ এবং সিএজি কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অফিস আদেশ মোতাবেক সকল প্রার্থী বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণের জন্য যোগ্য। তাছাড়া প্রত্যেক প্রার্থীর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কে আমি ব্যক্তিগতভাবে সন্তুষ্ট এবং আবেদন ফরমে প্রদত্ত তথ্যাদি সঠিক ও সম্পূর্ণ নির্ভুল।

পরীক্ষার্থীর স্বাক্ষর :

অফিস প্রধান
(স্বাক্ষর ও সীল)

এডিসিএজি (পরীক্ষা ও পরিদর্শন)
সিএজি কার্যালয়, ঢাকা।
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

# প্রবেশপত্র

## (নতুন সিলেবাসভুক্ত পরীক্ষার্থীর ক্ষেত্রে)

## বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩

| রোল নম্বর | : | | - | | | | | - | | | | পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করুন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১ | পরীক্ষার্থীর নাম | : | |
| ০২ | অফিসের নাম | : | |
| ০৩ | পরীক্ষার কেন্দ্র | : | |
| ০৪ | পরীক্ষার্থীর নমুনা স্বাক্ষর (৩ টি) | : | |

বিভাগীয় প্রধান/মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও সীল :

| আবেদনকৃত পরীক্ষার বিষয়সমূহ | | | : (√) চিহ্ন দিন | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | বিষয় | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | পূর্ত হিসাব-বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | পূর্ত হিসাব-বিধি ও পদ্ধতি (ব্যবহারিক) | ☐ ২০৩ | চাকরি বিধিমালা ও আর্থিক বিধিমালা | ☐ ২০৪ | সরকারি হিসাবায়ন এবং নিরীক্ষা |


(কামরুজ্জামান)
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
পরীক্ষা ও পরিদর্শন
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

# অবশ্য পালনীয় নির্দেশনা

০১. পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে সকল পরীক্ষার্থীকে প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় তাঁকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

০২. পরীক্ষার্থীগণকে পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসনে বসতে হবে।

০৩. পরীক্ষার সময় কোন পুস্তক/নকল/অবাঞ্চিত কাগজপত্র সংগে রাখা যাবে না।

০৪. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ০১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবে না। কোন পরীক্ষার্থী ০২ (দুই) ঘন্টার পূর্বে কেন্দ্র ত্যাগ করলে প্রশ্নপত্র রেখে যেতে হবে।

০৫. অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণকে আবেদনপত্রে উল্লিখিত সকল বিষয়ের পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীগণকে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণকসহ) পরীক্ষা সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানের মন্তব্যসহ তাঁদের আবেদনপত্র/আবেদনপত্রসমূহ সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৬. পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন/অন্য কোন প্রকার যোগাযোগযন্ত্র/Electronic Device সংগে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৭. কোন পরীক্ষার্থী নির্ধারিত আসন পরিবর্তন করলে, কোন পুস্তক/নকল/অবাঞ্চিত কাগজপত্র সংগে রাখলে অথবা পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার দুর্ব্যবহার/অসদাচরণ/অসদুপায় অবলম্বন করলে তাৎক্ষণিকভাবে তাঁকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কারসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

পাসপোর্ট সাইজের
০১ কপি ছবি আঠা দিয়ে
সংযুক্ত করে সত্যায়ন করুন

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
**'অডিট ভবন'**
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

# আবেদন ফরম

## (পুরাতন সিলেবাসভুক্ত পরীক্ষার্থীর ক্ষেত্রে)

## বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নম্বর | : | | | - | | | | | - | | | | |

| | | | |
|---|---|---|---|
| ০১ | পরীক্ষার্থীর নাম | : | |
| ০২ | পদবী | : | |
| ০৩ | পিতার নাম | : | |
| ০৪ | মাতার নাম | : | |
| ০৫ | জন্ম তারিখ | : | |
| ০৬ | অফিসের নাম | : | |
| ০৭ | সরকারি চাকুরীতে প্রথম যোগদানকৃত অফিসের নাম, পদবী ও তারিখ | : | |
| ০৮ | বর্তমানে কর্মরত অফিসের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর | : | |
| ০৯ | সংশ্লিষ্ট পদে মোট চাকুরিকাল | : | |
| ১০ | শিক্ষাগত যোগ্যতা | : | |
| ১১ | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ১২ | বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সন ও রোল নম্বর (প্রমাণকসহ) : | | |

| ১৩ | আবেদনকৃত পরীক্ষার বিষয়সমূহ : (√) চিহ্ন দিন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (ব্যবহারিক) | ☐ ২০৩ | সার্ভিস রুলস এন্ড ফিন্যান্সিয়াল রুলস | ☐ ২০৪ | বেসিক আইটি স্কীলস (তাত্ত্বিক ও ব্যবহারিক) |

| ১৪ | আবেদনকৃত পরীক্ষার অব্যাহতি প্রাপ্ত বিষয়সমূহ (বিষয়ের নাম, রোল নম্বর ও বৎসর উল্লেখসহ বিস্তারিত বিবরণ) : | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (ব্যবহারিক) | ☐ ২০৩ | সার্ভিস রুলস এন্ড ফিন্যান্সিয়াল রুলস | ☐ ২০৪ | বেসিক আইটি স্কীলস (তাত্ত্বিক ও ব্যবহারিক) |
| রোল নম্বর ও সন | | রোল নম্বর ও সন | | রোল নম্বর ও সন | | রোল নম্বর ও সন | |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | (ক) পরীক্ষার ফি জমাকরণের ট্রেজারী চালান নম্বর ও তারিখ | : | |
| | (খ) ব্যাংক ও শাখার নাম | : | |
| ১৬ | সর্বশেষ ডিএ-২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণকারী/আবেদনকারীর অফিসের নাম ও পদবী | : | |

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, **নিয়োগবিধি'২০২৩, এমএসও-২০০৭ (জুন'২০০৭) এর অনুচ্ছেদ-৯০ এবং সিএজি কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অফিস আদেশ মোতাবেক** সকল প্রার্থী বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণের জন্য যোগ্য। তাছাড়া প্রত্যেক প্রার্থীর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কে আমি ব্যক্তিগতভাবে সন্তুষ্ট এবং আবেদন ফরমে প্রদত্ত তথ্যাদি সঠিক ও সম্পূর্ণ নির্ভুল।

পরীক্ষার্থীর স্বাক্ষর :

অফিস প্রধান
(স্বাক্ষর ও সীল)

এডিসিএজি (পরীক্ষা ও পরিদর্শন)
সিএজি কার্যালয়, ঢাকা।
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

# প্রবেশপত্র

(পুরাতন সিলেবাসভুক্ত পরীক্ষার্থীর ক্ষেত্রে)

## বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩

| রোল নম্বর | : | | | - | | | | | - | | | | | পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করুন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | পরীক্ষার্থীর নাম | : | | | |
| ০২ | অফিসের নাম | : | | | |
| ০৩ | পরীক্ষার কেন্দ্র | : | | | |
| ০৪ | পরীক্ষার্থীর নমুনা স্বাক্ষর (৩ টি) | : | | | |

বিভাগীয় প্রধান/মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও সীল :

| আবেদনকৃত পরীক্ষার বিষয়সমূহ | : (√) চিহ্ন দিন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি ( ব্যবহারিক) | ☐ ২০৩ | সার্ভিস রুলস এন্ড ফিন্যান্সিয়াল রুলস | ☐ ২০৪ | বেসিক আইটি স্কীলস (তাত্ত্বিক ও ব্যবহারিক) |

| আবেদনকৃত পরীক্ষার অব্যাহতি প্রাপ্ত বিষয়সমূহ (বিষয়ের নাম, রোল নম্বর ও বৎসর উল্লেখসহ বিস্তারিত বিবরণ) : | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কোড নং | বিষয় | কোড নং | | কোড নং | বিষয় | কোড নং | বিষয় |
| ☐ ২০১ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (তাত্ত্বিক) | ☐ ২০২ | গণপূর্ত হিসাব বিধি ও পদ্ধতি ( ব্যবহারিক) | ☐ ২০৩ | সার্ভিস রুলস এন্ড ফিন্যান্সিয়াল রুলস | ☐ ২০৪ | বেসিক আইটি স্কীলস (তাত্ত্বিক ও ব্যবহারিক) |
| রোল নং ও সন | | রোল নং ও সন | | রোল নং ও সন | | রোল নং ও সন | |


(কামরুজ্জামান)
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
পরীক্ষা ও পরিদর্শন
ফোন : ৯৩৪৬৬০৯
e-mail : acagexam123@gmail.com

## অবশ্য পালনীয় নির্দেশনা

০৮. পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে সকল পরীক্ষার্থীকে প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় তাঁকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

০৯. পরীক্ষার্থীগণকে পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসনে বসতে হবে।

১০. পরীক্ষার সময় কোন পুস্তক/নকল/অবাঞ্ছিত কাগজপত্র সংগে রাখা যাবে না।

১১. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ০১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবে না। কোন পরীক্ষার্থী ০২ (দুই) ঘন্টার পূর্বে কেন্দ্র ত্যাগ করলে প্রশ্নপত্র রেখে যেতে হবে।

১২. অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণকে আবেদনপত্রে উল্লিখিত সকল বিষয়ের পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীগণকে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণকসহ) পরীক্ষা সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানের মন্তব্যসহ তাঁদের আবেদনপত্র/আবেদনপত্রসমূহ সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৩. পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন/অন্য কোন প্রকার যোগাযোগযন্ত্র/Electronic Device সংগে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

১৪. কোন পরীক্ষার্থী নির্ধারিত আসন পরিবর্তন করলে, কোন পুস্তক/নকল/অবাঞ্ছিত কাগজপত্র সংগে রাখলে অথবা পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার দুর্ব্যবহার/অসদাচরণ/অসদুপায় অবলম্বন করলে তাৎক্ষণিকভাবে তাঁকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কারসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ‘ছক-ক’

অফিসের নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-২য় পর্ব পরীক্ষা'২০২৩ এ অংশগ্রহণেচ্ছুক আবেদনকারীগণের তালিকা :

| ক্রম | পরীক্ষার্থীর নাম | পদবী | জন্ম তারিখ | চাকুরীতে যোগদানের তারিখ ও মোট চাকুরীকাল | সিএজি কার্যালয় কর্তৃক বরাদ্দকৃত রোল নম্বর (সিএজি কার্যালয় কর্তৃক পূরণীয়) | ডিএ-২য় পর্ব পরীক্ষায় কোন বিষয়ে অব্যাহতি পেয়ে থাকলে প্রমাণকসহ উক্ত বিষয়ের নাম, অব্যাহতি প্রাপ্তির সন এবং রোল নম্বর (প্রতি বিষয়ের জন্য পৃথক পৃথক ক্রমিক নম্বর দিতে হবে) | পরীক্ষার্থী যে সকল বিষয়ে অংশগ্রহণ করতে ইচ্ছুক সে সকল বিষয়ের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে,

০১। তালিকায় বর্ণিত সকল প্রার্থী বিভাগীয় হিসাবরক্ষক (ডিএ)-১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন;

০২। তালিকাভুক্ত কোন আবেদনকারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কেইস চলমান নেই;

০৩। আমার জানামতে উপরোক্ত ‘ছকে’ প্রদত্ত তথ্যাদি সঠিক ও সম্পূর্ণ নির্ভুল।

অফিস প্রধান/মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও সীল :